

## খুলনা বিশ্ববিদ্যালয়ে এমবিএ'র ভর্তি ও অন্যান্য ফি বেড়েছে ৬ গুণ খুলনা য়ায়ে

খুলনা বিশ্ববিদ্যালয়ে নতুন চালুকৃত এমবিএ কোর্সে ভর্তি ও অন্যান্য ফি অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় হয় ৩ গুণ বেশি নির্ধারণ করা হয়েছে। এর ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ফোড়ের সৃষ্টি হয়েছে। মেধাবী দরিদ্র শিক্ষার্থীদের ভর্তি অনিশ্চিত হয়ে পড়েছে।

সোমবার সকালে খুলনা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে এমবিএ প্রোগ্রামে ভর্তির সুযোগপ্রাপ্ত ছাত্রছাত্রীদের অভিভাবকরা বিশ্ববিদ্যালয়ে এমবিএ খুলনা : পৃষ্ঠা : ৬ কলাম : ৬

## খুলনা : বেড়েছে

(৩য় পৃষ্ঠার পর)

প্রোগ্রাম ফি সাড়ে ৪২ হাজার টাকা নির্ধারণকে অবিবেচনা প্রন্থ ও অযৌক্তিক বলে অভিহিত করেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোঃ সিরাজ উদ্দিন। লিখিত বক্তব্যে তিনি বলেন, গত ২৯ মার্চ ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের অধীনে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ৩০ জন ভর্তির উপযুক্ত ঘোষিত হয়। গত ২৭ মে ভর্তি হতে গেলে ছাত্রছাত্রীদের জানানো হয় ভর্তি ফি ১২ হাজার টাকা। এছাড়া একজন ছাত্রকে প্রতি ক্রেডিট ৫শ' টাকা টিউশন ফি দিতে হবে। এমবিএ প্রোগ্রামের ৬১ ক্রেডিট সম্পন্ন করতে মোট সাড়ে ৩০ হাজার টাকা টিউশন ফি দিতে হবে। অর্থাৎ এমবিএ প্রোগ্রাম সম্পন্ন করতে চাইলে বিশ্ববিদ্যালয়কে একজন ছাত্রের সাড়ে ৪২ হাজার টাকা প্রদান করতে হবে। ধার্যকৃত বিপুল অংকের টাকা অভিভাবক মহলকে হতাশ এবং ছাত্রছাত্রীদের শিক্ষাপ্রাপ্তির সুযোগকে রহিত করতে চলেছে।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, যেখানে টাকা, চট্রগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্রকে প্রোগ্রাম সম্পন্ন করতে বিশ্ববিদ্যালয়কে মাত্র ৭ হাজার টাকা দিতে হয় সেখানে খুলি'র ক্ষেত্রে সাড়ে ৪২ হাজার টাকা ফি একজন ছাত্রের জন্য বৈবচ্যমূলক।